

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য মন্ত্রণালয়
জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট
দৃশ্যসজ্জা ও রেখায়ন শাখা

সভাপতি মোঃ মুনজুরুল আলম
পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)
সভার তারিখ ১৫ জানুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ
সভার সময় বেলা ০৩.০০ টা
স্থান সভাকক্ষ, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা।
উপস্থিতি উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট “ক”-তে দেওয়া হল।
“সভার অলোচ্য বিষয়সমূহ”

- ০১। নিজ অফিসের সেবা সহজীকরণ অথবা সেবায় ইনোভেশন;
০২। উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়ন অগ্রগতি;
০৩। বিবিধ।

ইনস্টিটিউটের পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) ও ইনোভেশন অফিসার সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন।
উপস্থিত সকলের অংশগ্রহণে পুঙ্খানুপুঙ্খ আলোচনা-পর্যালোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্রম	আলোচ্যসূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	২	৩	৪	৫
১.	নিজ অফিসের সেবা সহজীকরণ অথবা সেবায় ইনোভেশন	জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের সেবা সহজীকরণ অথবা সেবায় ইনোভেশন বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। ইনস্টিটিউটের কর্মকর্তা-কর্মচারির নিকট থেকে উদ্ভাবনী ও সেবা সহজীকরণের বিষয়ে প্রাপ্ত আইডিয়াগুলো নিয়েও আলোচনা করা হয়।	ইনস্টিটিউটের কর্মকর্তা-কর্মচারির নিকট থেকে উদ্ভাবনী ও সেবা সহজীকরণের বিষয়ে প্রাপ্ত আইডিয়াগুলো যাচাই-বাছাই এর জন্য একটি কর্মশালা আয়োজন করা হয়েছে। বাছায়কৃত আইডিয়াগুলো বাস্তবায়নের জন্য একটি ক্যালেন্ডার প্রনয়ন করা হয়েছে। ক্যালেন্ডার অনুযায়ী আইডিয়াগুলো সময়মত বাস্তবায়ন করতে হবে।	কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি
২.	উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়ন অগ্রগতি;	নিম্নোক্ত উদ্যোগগুলো নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়ঃ ১) ডিজিটাল ডিসপ্লে বোর্ড আধুনিকীকরণ ২) প্রশিক্ষণ সংক্রান্ত কাজের সর্ব ক্ষেত্রে TMS সফটওয়্যার এর ব্যবহার চালু করণ ৩) মুক্তপাঠে ই-লার্নিং কোর্স অন্তর্ভুক্ত করণ (মাইক্রোফোনের ব্যবহার) ৪) শারিরিক প্রতিবন্ধীদের অফিসে প্রবেশ উপযোগী রাস্তা (র‍্যাম্প) তৈরি ৫) প্রত্যেক পাঠ্যধারা শেষে সভার মাধ্যমে কোর্স মডিউল যুগোপযোগীকরণ ৬) জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের প্রশিক্ষণ কার্যক্রম প্রচার	আলোচনায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ ১) বৃহদাকৃতির ডিজিটাল ডিসপ্লে বোর্ডটি তথ্য মন্ত্রণালয় কর্তৃক বাতিল হওয়ায় পূর্বে স্থাপিত ডিজিটাল ডিসপ্লে বোর্ড আধুনিকীকরণ করতে হবে। ২। TMS সফটওয়্যার এর ব্যবহার চালু করণের লক্ষ্যে অফিস আদেশ জারি করা হয়েছে। ৩। মুক্তপাঠে ই-লার্নিং কোর্স অন্তর্ভুক্ত করণ (মাইক্রোফোনের ব্যবহার) ১টি ভিডিও বানানো হয়েছে। এটি মুক্ত পাঠের প্ল্যাটফর্মে আপলোড করতে হবে। ৪। শারিরিক প্রতিবন্ধীদের অফিসে প্রবেশ উপযোগী রাস্তা (র‍্যাম্প) তৈরির জায়গা নির্ধারণ হয়েছে, দ্রুত কাজ সম্পন্ন করতে হবে। ৫। ট্রেনিং ক্যালেন্ডার তৈরির পূর্বেই প্রত্যেক পাঠ্যধারা শেষে সভার মাধ্যমে কোর্স মডিউল যুগোপযোগী করতে হবে। ৬। প্রতি ছয় মাস পর পর জাতীয় দৈনিক	

			পত্রিকায় ট্রেইনিং সিডিউল বিজ্ঞাপন আকারে প্রকাশ করতে হবে।	
--	--	--	--	--

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২০/১/২০
মোঃ মুনজুরুল আলম
পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)

স্মারক নম্বর: ১৫.৫৫.০০০০.৩০৫.০৬.০০১.১৯.১৫

২০ জানুয়ারি ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) উপ-পরিচালক (টিভি অনুষ্ঠান প্রশিক্ষণ), টিভি অনুষ্ঠান প্রশিক্ষণ শাখা, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট
- ২) সহকারী পরিচালক (টিভি প্রকৌশল প্রশিক্ষণ), টিভি প্রকৌশল প্রশিক্ষণ, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট
- ৩) সহকারী পরিচালক, দৃশ্যসজ্জা ও রেখায়ন শাখা, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট